



নং: বিকেকে/১২৬


১৬ ডিসেম্বর ২০২১

বিজ্ঞপ্তি

বিষয়ঃ সুবর্ণজয়ন্তী এবং মুজিববর্ষের শপথ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, 'মহাবিজয়ের মহানায়ক' প্রতিপাদ্যে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'জন্মশতবার্ষিকী' এবং 'বিজয়ের সুবর্ণজয়ন্তী' মাহেন্দ্রক্ষণকে উপলক্ষ করে আজ ১৬ই ডিসেম্বর ২০২১ বাংলাদেশ সময় বিকাল চার ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনা কর্তৃক শপথ পরিচালনা অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানটি বাংলাদেশের সকল টেলিভিশনে সরাসরি সম্প্রচারিত হবে। উক্ত শপথ অনুষ্ঠানে সংযুক্ত থেকে জাতীয় পতাকা হাতে মুষ্টিবদ্ধভাবে ধরে শপথ বাক্য (অনুলিপি সংযুক্ত) পাঠকরার জন্য অনুরোধ করা যাচ্ছে।

সংযুক্তিঃ শপথ বাক্য।


(মোঃ আব্দুল হাই)
রাষ্ট্রদূত

বিতরণঃ

থাইল্যান্ড ও কম্বোডিয়ায় বসবাসরত সম্মানিত প্রবাসী বাংলাদেশী ব্যক্তিবর্গ



সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের শপথ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে পাকিস্তানি শাসকদের শোষণ ও বঞ্চনার বিরুদ্ধে এক রক্তক্ষয়ী মুক্তিসংগ্রামের মধ্য দিয়ে বাংলাদেশ স্বাধীনতা অর্জন করেছে। বিশ্বের বুকে বাঙালি জাতি প্রতিষ্ঠা করেছে তার স্বতন্ত্র জাতিসত্তা।

আজ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী এবং মুজিববর্ষের বিজয় দিবসে দৃষ্টকণ্ঠে শপথ করছি যে, শহীদের রক্ত বৃথা যেতে দেব না-দেশকে ভালোবাসব, দেশের মানুষের সার্বিক কল্যাণে সর্বশক্তি নিয়োগ করব। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবের আদর্শে উন্নত, সমৃদ্ধ ও অসাম্প্রদায়িক চেতনার সোনার বাংলা গড়ে তুলব।

মহান সৃষ্টিকর্তা আমাদের সহায় হোন।